অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

মনরো কাউন্টিতে গভর্নর হোকলের 21 মিলিয়ন ডলারের সাশ্রয়ী আবাসন নির্মাণকাজ সমাপ্তির ঘোষণা

হাবার্ড স্প্রিংস অ্যাপার্টমেন্টস চিলি টাউনের অধিবাসী ব্যক্তিদের ও পরিবারগুলোর জন্য 72টি জ্বালানি-দক্ষতাসম্পন্ন ও সাশ্রয়ী বাড়ি প্রদান করছে, যার মধ্যে শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য 11টি বাড়ি অন্তর্ভুক্ত রয়েছে

উন্নয়ন প্রকল্পটিতে একটি উচ্চ-দক্ষতাসম্পন্ন স্কুল ডিস্ট্রিক্টে মানসম্মত, টেকসই পারিবারিক অ্যাপার্টমেন্ট প্রদান করা হচ্ছে

এই বিনিয়োগ "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ মনরো কাউন্টির চিলি টাউনে 21 মিলিয়ন ডলারের একটি সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পের নির্মাণকাজ সম্পন্ন হয়েছে বলে ঘোষণা করেছেন। হাবার্ড স্প্রিংস অ্যাপার্টমেন্টস (Hubbard Springs Apartments) শারীরিকভাবে প্রতিবন্ধী ব্যক্তি অথবা ট্রমাটিক ব্রেন ইনজুরি থেকে সেরে উঠছেন এমন ব্যক্তিদের জন্য সংরক্ষিত 11টি অ্যাপার্টমেন্ট সহ 72টি জ্বালানি-দক্ষতাসম্পন্ন বাড়ি প্রদান করছে। এই উন্নয়ন প্রকল্প উচ্চ-দক্ষতাসম্পন্ন চার্চভিল-চিলি সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্টে একটি প্রাণবন্ত কমিউনিটিতে সাশ্রয়ী পারিবারিক বাড়ি প্রদান করছে।

"আবাসন একটি মানবাধিকার, এবং নিউ ইয়র্কে সবাই যাতে বাড়ি হিসেবে পরিচয় দিতে পারার মতো একটি নিরাপদ, সাশ্রয়ী স্থান পান সে বিষয়টি নিশ্চিত করতে আমরা সাহসী পদক্ষেপ গ্রহণ করছি," **বলেছেন গভর্নর হোকল।** "চিলিতে আমাদের বিনিয়োগ শুধু যে আবাসনের অ্যাক্সেস সম্প্রসারণ করছে তাই নয়, বরং এটি আমাদেরকে আরো বেশি বৈচিত্র্যপূর্ণ ও অ্যাক্সেসযোগ্য কমিউনিটি গড়ে তুলতে সাহায্য করছে যেখানে সবাই সমৃদ্ধি লাভ করতে পারবে। আমরা হাবার্ড স্প্রিংস এর মতো প্রকল্পগুলোর মাধ্যমে আবাসন সংকটের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাবো, যেসব প্রকল্প উচ্চ-মানসম্মত সাশ্রয়ী আবাসন নিশ্চিত করতে, অধিবাসীদের জীবনযাত্রার মান উন্নত করতে, এবং আশেপাশের এলাকাগুলোকে শক্তিশালী করতে সাহায্য করবে।"

হাবার্ড স্প্রিংস অ্যাপার্টমেন্টস আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূরণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ। সম্প্রতি প্রণীত স্টেট বাজেটে গভর্নর 25

বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা প্রণয়ন ও সফলভাবে গ্রহণ করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

হাবার্ড স্প্রিংস অ্যাপার্টমেন্টসে 24টি অ্যাপার্টমেন্ট নিয়ে একটি দুই-তলা ভবন এবং প্রতিটিতে আটটি করে অ্যাপার্টমেন্ট নিয়ে ছয়টি দুই-তলা ভবন রয়েছে। নবনির্মিত সাতটি ভবনের সবকটি চিলি টাউনের ইউনিয়ন স্কয়ার বুলেভার্ডে অবস্থিত এবং ক্রসওয়াক ও সাইডওয়াক দিয়ে সংযুক্ত।

উচ্চ-দক্ষতাসম্পন্ন একটি স্কুল ডিস্ট্রিক্টের অ্যাক্সেস থাকা এবং অপেক্ষাকৃত নিম্ন দারিদ্র্যতার হারের জন্য চিলি টাউন এবং উত্তর চিলির হ্যামলেট উচ্চতর সুযোগ-সুবিধাসম্পন্ন এলাকা হিসেবে বিবেচিত হয়। এই উন্নয়ন প্রকল্পটি উত্তর চিলির হ্যামলেট সেন্টার থেকে অর্ধেক-মাইল দূরত্বে সুবিধাজনক অবস্থানে রয়েছে যেখানে ফার্মেসি, একটি পোস্ট অফিস, মুদি দোকান, গ্যাস স্টেশন ও অন্যান্য খুচরা দোকান রয়েছে, এবং টাউনের হাবার্ড পার্ক মাত্র চতুর্থাংশ মাইল দূরত্বে অবস্থিত।

জ্বালানি-দক্ষতাসম্পন্ন বৈশিষ্ট্যগুলোর মধ্যে এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স ও LED লাইটিং, জানালা, ইনসুলেশন, এয়ার সিলিং ও ঘরের ভেতরে বায়ুর মান উন্নত করার জন্য বাড়তি ব্যবস্থা, বাসিন্দাদের সর্বোচ্চ স্বাচ্ছন্দ্য দেয়ার ব্যবস্থা এবং সামগ্রিক জ্বালানি খরচ ও ব্যয় কমিয়ে আনা অন্তর্ভুক্ত রয়েছে।

শারীরিকভাবে প্রতিবন্ধী ব্যক্তি অথবা ট্রমাটিক ব্রেন ইনজুরিতে আক্রান্ত ব্যক্তিদের জন্য 11টি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত রয়েছে যারা সেন্টার ফর ডিজেবিলিটি রাইটস, ইনক. (Center for Disability Rights, Inc.) কর্তৃক সরবরাহকৃত অন-সাইট পরিষেবার অ্যাক্সেস পাবেন। আরো 11টি অ্যাপার্টমেন্ট চলাচলের অক্ষমতা অথবা শ্রবণ/দৃষ্টিশক্তি সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অ্যাক্সেসযোগ্য করে তৈরি করা হয়েছে।

অবশিষ্ট বাড়িগুলো এলাকার মধ্যমান আয়ের 70 শতাংশ বা তার কম আয়ের পরিবারগুলোর জন্য রাখা হয়েছে। এর মধ্যে 24টি এক-বেডরুমের অ্যাপার্টমেন্ট, 24টি দুই-বেডরুমের অ্যাপার্টমেন্ট ও 24টি তিন-বেডরুমের অ্যাপার্টমেন্ট রয়েছে

আবাসিক সুযোগ-সুবিধাগুলোর মধ্যে রয়েছে 24/7 লন্ড্রি ও ফিটনেস এরিয়া, কিচেনেট সহ একটি কমিউনিটি রুম, একটি কম্পিউটার রুম, এবং সহায়তামূলক পরিষেবা প্রদানকারীর জন্য অফিসের জায়গা। ঘরের বাইরের সুযোগ-সুবিধার মধ্যে রয়েছে বেড়া দিয়ে ঘেরা একটি খেলার মাঠ।

ডেভেলপমেন্ট টিমে রয়েছে রচেস্টার'স কর্নারস্টোন গ্রুপ, লিমিটেড (Rochester's Cornerstone Group, Ltd.), এবং বিশপ শিন ইকিউমেনিকাল হাউজিং ফাউন্ডেশন, ইনক. (Bishop Sheen Ecumenical Housing Foundation, Inc.)

হাবার্ড স্প্রিংস-এ স্টেটের অর্থায়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল পর্যায়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা প্রায় 10.9 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের তরফ থেকে 6.4 মিলিয়ন ডলারের ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority) 63,000 ডলারের বেশি অর্থ সহায়তার প্রতিশ্রুতি দিয়েছে। সেইসাথে, কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন (Community Preservation Corporation) নিউ ইয়র্ক স্টেটের কমন রিটায়ারমেন্ট ফান্ড (New York State Common Retirement Fund)-এর সাথে এটির অংশীদারিত্বের মাধ্যমে 2.8 মিলিয়ন ডলারের একটি স্থায়ী ঋণ প্রদান করছে।

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ-অ্যান ভিসনাউকাস বলেন, "হাবার্ড স্প্রিংস অ্যাপার্টমেন্টস নিম্ন- ও মধ্যম-আয়ের ব্যক্তি ও পরিবারগুলোর জন্য অর্থনৈতিকভাবে সমৃদ্ধশীল ও সম্পদশালী একটি কমিউনিটিতে সাশ্রয়ীভাবে বসবাস করার একটি সুযোগ প্রদান করছে। 72টি জ্বালানি-দক্ষতাসম্পন্ন অ্যাপার্টমেন্ট ও চমৎকার সুযোগ-সুবিধা পেয়ে হাবার্ড স্প্রিংসের নতুন বাসিন্দারা একটি শক্তিশালী স্কুল ডিস্ট্রিক্ট, নিকটবর্তী চিত্তবিনোদনের ব্যবস্থা, এবং খুচরা দোকান ও অন্যান্য পরিষেবার সহজ অ্যাক্সেস থেকে উপকৃত হবেন। সেইসাথে, শারীরিকভাবে প্রতিবন্ধী এগারজন ব্যক্তি একটি স্বাচ্ছন্দ্যপূর্ণ পরিবেশে স্বনির্ভরভাবে জীবন যাপন করার জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা পাবেন। রচেস্টার'স কর্নারস্টোন গ্রুপ এবং শিন হাউজিং-এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে আমরা চিলিকে আরো বেশি অন্তর্ভুক্তিমূলক, সাশ্রয়ী এবং জীবন যাপনের জন্য আগের চেয়ে আরো বেশি উন্নত একটি স্থানে পরিণত করছি।"

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (Energy Research and Development Authority) প্রেসিডেন্ট ও CEO, ডোরিন এম হ্যারিস বলেন, "হাবার্ড স্প্রিংস অ্যাপার্টমেন্টস মনরো কাউন্টির ঝুঁকিপূর্ণ পরিবারগুলোকে সাশ্রয়ী আবাসনের বর্ধিত অ্যাক্সেস প্রদান করবে যার মধ্যে গুরুত্বপূর্ণ সহায়তা পরিষেবাসমূহ ও জ্বালানি ব্যয় সাশ্রয় এবং উচ্চমানের জ্বালানি দক্ষতাসম্পন্ন বাড়ির দ্বারা সরবরাহকৃত স্বাচ্ছন্দ্য অন্তর্ভুক্ত থাকবে। ক্ষতিকর নির্গমন কমিয়ে আনার পাশাপাশি একটি নির্মল জ্বালানি অর্থনীতিতে উত্তরণের ক্ষেত্রে সব নিউ ইয়র্কবাসী যাতে সমতাপূর্ণভাবে উপকৃত হয় সে বিষয়ে স্টেট অঙ্গীকারবদ্ধ রয়েছে।"

স্টেট কম্পট্রোলার থমাস পি. ডিনাপোলি বলেন, "হাবার্ড স্প্রিংস উন্নয়ন প্রকল্প রচেস্টার কমিউনিটিতে একটি উষ্ণ সংযোজন যা অক্ষমতায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীদের জন্য অতি প্রয়োজনীয় সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসন প্রদান করছে। আমি কৃতজ্ঞ যে আমাদের স্টেট পেনশন তহবিল এধরনের প্রকল্পগুলোতে বিনিয়োগ করতে পারছে যা এটির সদস্যদের জন্য যে শুধু নিরাপদ রিটার্ন প্রদান করছে তাই নয়, বরং নিউ ইয়র্কের কমিউনিটিগুলোকেও উপকৃত করছে। আমি নিউ ইয়র্কবাসীদের জন্য নতুন ও সাশ্রয়ী আবাসন তৈরির ক্ষেত্রে কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন এবং গভর্নর হোকলের প্রশাসনের সঙ্গে আমাদের সহযোগিতার সম্পর্ক অব্যাহত রাখার প্রত্যাশা রাখি।"

স্টেট সিনেটর এডওয়ার্ড র্যা থ III বলেন, "আমাদের কমিউনিটিতে সবার জন্য মানসম্মত আবাসনের অপশন প্রদান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। চিলিতে এসব উন্নয়ন প্রকল্প ঘটছে দেখে আমি আনন্দিত।"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেন, "আবাসন একটি মৌলিক মানবাধিকার এবং আমাদের পরিবারগুলোর জন্য নিরাপদ, স্থিতিশীল আবাসন নিশ্চিত করতে আমাদের অবশ্যই যথাসাধ্য চেষ্টা করতে হবে। আবাসনই স্বাস্থ্যসেবা, আবাসনই অর্থনৈতিক সুযোগ। হাবার্ড স্প্রিংস আমাদের পরিবারগুলোর জন্য এসব বিষয় এবং আরো অনেক কিছু প্রদান করবে, যার মধ্যে শারীরিকভাবে প্রতিবন্ধী ব্যক্তি অথবা ট্রমাটিক ব্রেন ইনজুরি থেকে সেরে উঠছেন এমন ব্যক্তিদের জন্য সংরক্ষিত 11টি অ্যাপার্টমেন্টও অন্তর্ভুক্ত রয়েছে। চিলি টাউনে এই উন্নয়ন প্রকল্প সম্পন্ন হতে দেখে আমি গর্বিত। এই গুরুত্বপূর্ণ প্রকল্পে নেতৃত্বদানের জন্য রচেস্টার'স কর্নারস্টোন গ্রুপ, লিমিটেড ও বিশপ শিন ইকিউমেনিকাল হাউজিং ফাউন্ডেশন, ইনক.-কে ধন্যবাদ।"

মনরো কাউন্টির এক্সিকিউটিভ অ্যাডাম বেলো বলেন, "বাড়ি হিসেবে পরিচয় দেওয়ার মতো একটি নিরাপদ, সুরক্ষিত, উচ্চ-মানসম্মত ও সাশ্রয়ী স্থানের অ্যাক্সেস পাওয়া ব্যক্তি ও পরিবারের জন্য স্থিতিশীলতা ও জীবনযাপনের মানের ভিত্তিস্বরূপ। হাবার্ড স্প্রিংস-এর মতো প্রকল্পগুলো আমাদের কমিউনিটিকে আরো বেশি শক্তিশালী করে তুলতে সাহায্য করে। আমি গভর্নর হোকল ও নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালকে এই প্রকল্পটি সম্ভব করে তোলার জন্য, এবং রচেস্টার'স কর্নারস্টোন গ্রুপ ও বিশপ শিন ইকিউমেনিকাল হাউজিং ফাউন্ডেশনকে মনরো কাউন্টিতে বিনিয়োগ করার জন্য ধন্যবাদ জানাই।"

চিলি টাউনের সুপারভাইজার ডেভিড ডানিং বলেন, "মানসম্মত সাশ্রয়ী আবাসন একটি শক্তিশালী কমিউনিটির জন্য গুরুত্বপূর্ণ একটি উপাদান। বাড়ি হিসেবে পরিচয় দেওয়ার মতো একটি নিরাপদ ও সাশ্রয়ী স্থান থাকা সবার মৌলিক অধিকার। শীঘ্রই চিলিকে বাড়ির ঠিকানা হিসেবে গ্রহণ করতে যাওয়া সবাইকে আমরা স্বাগত জানাই।"

কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন-এর মর্টগেজ অফিসার মিরিয়াম জিন্টার বলেন, "এই সাইটের রূপান্তর ঘটতে দেখা এবং আজ আমরা যে আবাসন সুবিধা উদযাপন করছি তা আগামী কয়েক দশক ধরে এই কমিউনিটির জন্য নোঙ্গর হিসেবে ভূমিকা রাখবে এটা জানা একটি দুর্দান্ত ব্যাপার। 72টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট ট্রমাটিক ব্রেন ইনজুরি থেকে সেরে উঠছেন এমন ব্যক্তিদের সহ অন্য বাসিন্দাদের নিজেদের জন্য উন্নত ভবিষ্যত গড়ে তোলার মতো স্থিতিশীলতা ও সুযোগ প্রদান করবে। এছাড়া সাশ্রয়ী ও জ্বালানি দক্ষতাসম্পন্ন একটি সম্পত্তিতে অর্থায়নে সাহায্য করতে পেরেও আমরা গর্বিত, যা চিলি কমিউনিটিতে স্বাস্থ্যকর, টেকসই বাড়ি নিয়ে আসবে। রচেস্টার'স কর্নারস্টোন গ্রুপ, বিশপ শিন ইকিউমেনিকাল হাউজিং ফাউন্ডেশন, সেন্টার ফর ডিজেবিলিটি রাইটস, এবং কম্পট্রোলার ডিনাপোলি ও স্টেট পেনশন ফান্ডের আমাদের অংশীদারদের আমি ধন্যবাদ জানাই।"

বিশপ শিন ইকিউমেনিকাল হাউজিং ফাউন্ডেশন, ইনক.-এর বোর্ডের সভাপতি কেভিন লো সিসার্কো বলেন, "আমাদের কমিউনিটির জন্য নিরাপদ, সাশ্রয়ী আবাসন প্রদানের জন্য রচেস্টার'স কর্নারস্টোন গ্রুপের সাথে অংশীদারিত্ব অব্যাহত রাখতে পেরে শিন হাউজিং

সম্মানিত বোধ করছে। নিরাপদ, সাশ্রয়ী আবাসনের অপশন সম্প্রসারণের জন্য আমাদের গভীর অঙ্গীকারাবদ্ধতা ও বিনিয়োগ এখানে হাবার্ড স্প্রিংস-এর মতো আর কোথাও এতো স্পষ্ট হয়ে ফুটে উঠেনি, যেখানে বাসিন্দারা মানসম্মত, স্থিতিশীল আবাসনের অ্যাক্সেস পাচ্ছেন।"

রচেস্টার'স কর্নারস্টোন গ্রুপের প্রেসিডেন্ট রজার ডব্লিউ. ব্র্যান্ডট, জুনিয়র বলেন, "রচেস্টার'স কর্নারস্টোন গ্রুপ শিন হাউজিং এর আমাদের কো-ডেভেলপারদের সাথে নিয়ে চিলি টাউনে হাবার্ড স্প্রিংস অ্যাপার্টমেন্টস উন্নয়ন প্রকল্প সম্পন্ন করতে পেরে গর্বিত। কয়েক বছর ধরে এই টাউন কর্নারস্টোনের অসংখ্য প্রকল্পের সাইট হয়ে আসছে এবং হাবার্ড স্প্রিংস চিলির বৈচিত্র্যপূর্ণ আবাসনের অপশনের সাথে একটি নতুন মাত্রা যোগ করবে। এই উন্নয়ন প্রকল্প সম্পন্ন করতে সাহায্যকারী আমাদের অংশীদারদের ও অর্থায়নকারীদের সঙ্গে নিয়ে উদযাপন করতে পেরে কর্নারস্টোন উচ্ছসিত।"

কমিউনিটি ডেভেলপমেন্ট ব্যাংকিং, চেজ এর ম্যানেজিং ডিরেক্টর ডেভিড ওয়ালশ বলেন, "চিলির বাসিন্দাদের জন্য নিরাপদ, স্থিতিশীল ও সাশ্রয়ী আবাসন প্রদান করতে হাবার্ড স্প্রিংস অ্যাপার্টমেন্টস চালু হতে দেখাটা আমাদের জন্য উচ্ছসিত হওয়ার মতো একটি ব্যাপার। আমরা রচেস্টার'স কর্নারস্টোন গ্রুপ ও বিশপ শিন ইকিউমেনিকাল হাউজিং ফাউন্ডেশন, ইনক.-এর মতো স্থানীয় নেতৃবৃন্দের সাথে কাজ করতে পেরে গর্বিত, যারা কমিউনিটির উন্নয়নের প্রতি এবং যেখানে প্রয়োজন রয়েছে সেসব এলাকায় সাশ্রয়ী আবাসন তৈরির জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছেন।"

ফিঙ্গার লেক ফরোয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরো তথ্য এখানে পাবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন